**এককালীন অলাভজনক সম্পত্তিগুলির নিষ্পত্তি- ক্ষুদ্র ঋণের অ্যাকাউন্টগুলি যার অনুমোদিত সীমা অনধিক Rs. 25,000/-**

BP.BC. 53 / 21.04.117 /2001-02

ডিসেম্বর ২২,২০০১

সমস্ত রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকগুলির
চেয়ারম্যান এবং ম্যানেজিং ডাইরেকটর

মহাশয়,

**এককালীন অলাভজনক সম্পত্তিগুলি নিষ্পত্তি -ক্ষুদ্র ঋণের অ্যাকাউন্টগুলি যার অনুমোদিত সীমা অনধিক Rs. 25,000/-**

নভেম্বর ১২, ২০০১ এ, নিউ দিল্লিতে অনুষ্ঠিত রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকগুলির সিএমডিদের সঙ্গে সাক্ষাতকারের সময় মাননীয় অর্থমন্ত্রী ,উল্লেখ করেছিলেন যে ব্যাংকগুলির ২৫০০০ টাকা অব্দি বাকি ঋণের পাওনা আদায়ের জন্যে একটি শুষ্ঠ পরিকল্পনা নির্ধারণ করা উচিত । এই অনুসারে রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকগুলির বোর্ড, নিম্নলিখিত ক্ষেত্রগুলি মাথায় রেখে এসব অলাভজনক সম্পত্তিগুলিগুলির পাওনা আদায় করতে একটি নীতি নির্ধারণ করতে পারে।

**২. (ক) এক্তিয়ার**

১) মার্চ ৩১,১৯৯৮ এ অলাভজনক সম্পত্তিগুলিহয়ে যাওয়া যে সব ঋণের অ্যাকাউন্টগুলিতে অবশিষ্ট আসলের(কোনরকম সুদ ছাড়াই)পরিমাণ ২৫০০০ টাকার নীচে, সেসব অ্যাকাউন্টগুলি, ব্যবসার ধরণ এবং উদ্দেশ্য বিবেচনা না করেই এই নির্দেশাবলীর আওতায় পড়বে ।

২) মামলা দায়ের করা এবং ডিক্রীকৃত ঋণগুলিও এই নির্দেশাবলীর আওতায় পড়বে। নিষ্পত্তিতে পৌঁছনোর পর , ব্যাংক উপযুক্ত পদক্ষেপ নিতে পারে সম্পর্কিত আদালতে মামলা বন্ধ করার জন্যে।

৩) কপটতা, ভ্রষ্টাচার এবং ইচ্ছাকৃত বকেয়া রাখার মামলাগুলি যদিও এই পরিকল্পনাটির আওতায় পড়বে না।

৪) এই নির্দেশাবলী কার্যকরী থাকবে জুন ৩০,২০০২ পর্যন্ত।

**(খ) নিষ্পত্তির সূত্র-পরিমাণ এবং শেষ তারিখ**

এই নির্দেশাবলী অনুসারে যে টাকার পরিমাণটি নিষ্পত্তি হিসেবে আদায় করতে হবে সেটি হল **৩১**শে মার্চ, **১৯৯৮** এর ঋণের অ্যাকাউন্টগুলিতে অবশিষ্ট আসলের সমান।যদি কোন সুদ **৩১**শে মার্চ, ১৯৯৮ এ দাঁড়িয়ে থাকা আসলের মধ্যে অন্তর্ভুক্ত হয়ে থাকে বা যদি কোন সুদ **৩১**শে মার্চ, ১৯৯৮এর পর দেয় থাকে তাহলে সেগুলিকে মকুব করতে হবে।

**(গ) অর্থ প্রদান**

উপরোক্ত ভাবে মিমাংসীত অর্থ সাধারণত এক কিস্তিতেই দিতে হবে। যোগ্য ক্ষেত্রে ব্যাংক বিভিন্ন কিস্তিতে মিমাংসীত অর্থ আদায় করতে পারে যেখানে কমপক্ষে ২৫% এককালীন নিষ্পত্তির সময়ই পাওয়া গেছে।

**(ঘ) অনুমোদনকারী**

সমঝোতামূলক নিষ্পত্তি করার সিদ্ধান্তটি ব্যাংক শাখার অধিকর্তার উপর ন্যাস্ত থাকে। যে ক্ষেত্রে লোনটি অনুমোদন করেছেন ব্যাংক শাখার অধিকর্তা নিজেই, সে ক্ষেত্রে সমঝোতামূলক নিষ্পত্তির সিদ্ধান্ত নেবেন তাঁর পরবর্তী উর্দ্ধতন কর্মচারী।

**(ঙ) অবৈষম্যমূলক ব্যবহার**

ব্যাংকগুলির উচিত অলাভজনক সম্পত্তিগুলিগুলির আপোস-মিমাংসার ক্ষেত্রে অবৈষম্যভাবে উপরোক্ত নির্দেশাবলী মেনে চলা ।

**(চ) নীতি-নির্ধারণ**

ব্যাংকর বোর্ড অফ ডিরেক্টরসদের একটি নীতি-নির্ধারণ করা উচিত নির্দেশাবলীতে দেওয়া অলাভজনক সম্পত্তিগুলি-এর আপোস-মিমাংসার ক্ষেত্রে। ব্যাংকগুলি এককালীন নিষ্পত্তির অন্তর্গত অর্থের হিসেবনিকেষের জন্য তাদের নিজেদের হিসেবনিকেষ পদ্ধতি নির্ধারণ করতে পারে।

**(ছ) প্রচার**

এই নির্দেশাবলী অনুসারে, বকেয়া পাওনার এককালীন নিষ্পত্তির সুযোগ গ্রহণ করার জন্যে ব্যাংকগুলি তাদের সমস্ত যোগ্য ঋণী ব্যাক্তিদের উদ্দেশ্যে যথাযথ প্রচার করা উচিত।

**(জ) বোর্ডের দ্বারা পুনর্বিচার**

নিষ্পত্তির প্রগতি এবং বিবরণের মাসিক রিপোর্ট সম্পর্কিত প্রাধিকারির উচিত তার পরবর্তী উর্দ্ধতন কর্মচারী এবং প্রধান দপ্তরের কাছে পাঠানো । বোর্ডের উচিত এই আপোসে পৌছনো নিষ্পত্তিগুলির এক মাস অন্তর পুনর্বিচার করা।

৩. অনুগ্রহ করে প্রাপ্তি স্বীকার করুন।

ইতি ভবদীয়,

**(এম. আর. শ্রীনিবাসন)**
**চীফ জেনারেল ম্যানেজার ইন চার্জ**